**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি জোর কদমে চলছে ।**

**(২) তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে শপথ নিলেন রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেব্বর্মা ।**

**(৩) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন যে কেন্দ্রীয় বাজেট/ বৃদ্ধি, কর্মসংস্থান, কল্যাণ, মূলধন বিনিয়োগ এবং আর্থিক একীকরণের মতো অগ্রাধিকারগুলির মধ্যে একটি সূক্ষ্ম ভারসাম্য বজায় রাখে ।**

**(৪) প্যারিস অলিম্পিকে ভারতের স্বপ্নিল কুসালে আজ পুরুষদের ৫০ মিটার রাইফেল ইভেন্টের ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছেন ।**

**********************************************

**Panchayat Election :**

রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি জোর কদমে চলছে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী জানিয়েছেন, পঞ্চায়েত নির্বাচনের জন্য এখন পর্যন্ত ১৮টি ব্লকে ব্যালট পেপার পৌঁছে দেওয়া হয়েছে। আগামী ২ তারিখের মধ্যে বাকি সমস্ত ব্লকে

ব্যালট পেপার পৌঁছে দেওয়া হবে। তিনি জানান ৩৫টি ব্লকে পঞ্চায়েত নির্বাচন হচ্ছে। তিনি আরো জানান পঞ্চায়েত দপ্তর থেকে ইতিমধ্যে ৩৫টি ব্লকে ভোট বাক্স পাঠানো হয়েছে।

***************************

**Jishnu Debbarma :**

তেলেঙ্গানার রাজ্যপাল হিসেবে শপথ নিলেন রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেব্বর্মা। আজ বিকেলে তেলেঙ্গানা হাইকোর্টের প্রধান বিচারপতি অলক আরাদে হায়দ্রাবাদে রাজভবনে তাঁকে শপথ বাক্য পাঠ করান। উল্লেখ্য তেলেঙ্গানা রাজ্যের চতুর্থ রাজ্যপাল হিসেবে শপথ নিলেন শ্রী দেববর্মা।

ত্রিপুরা থেকে প্রথম জিষ্ণু দেববর্মাই কোনো রাজ্যের রাজ্যপাল হলেন।

শপথগ্রহণ অনুষ্ঠানে তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেভান্থ রেড্ডি, কেন্দ্রীয় মন্ত্রী জি কিশান রেড্ডি, উপ-মুখ্যমন্ত্রী মাল্লু ভাট্টি বিক্রমার্কা, একাধিক রাজ্যের মন্ত্রী, মুখ্য সচিব সান্তা কুমারী, ডিজিপি ডক্টর জিতেন্দর এবং অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন। আজ এর আগে, শ্রী দেববর্মাকে মুখ্যমন্ত্রী, রেভান্থ রেড্ডি এবং অন্যান্য আধিকারিকরা হায়দ্রাবাদ বিমানবন্দরে স্বাগত জানান।

*************************

**Transport Minister on RAILWAY :**

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী সাব্রুম পর্যন্ত রেলপথ দ্রুত ডাবল লাইনে রুপান্তরের কাজ অগ্রাধিকারের ভিত্তিতে শুরু করার জন্য রেলমন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন। আজ রেলমন্ত্রী অশ্বিনী

বৈষ্ণবের কাছে লেখা এক চিঠিতে পরিবহনমন্ত্রী জানান, উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির সঙ্গে ও প্রতিবেশী বাংলাদেশের সঙ্গে পণ্য চলাচল ও যোগাযোগ স্থাপনে সাব্রুম পর্যন্ত রেলপথ গুরুত্বপূর্ণ। তিনি বলেন, বর্তমানে লামডিং থেকে সাব্রুম পর্যন্ত এই রেলপথ সিঙ্গেল লাইনে রয়েছে। যার জন্য এই পথে এক্সপ্রেস ও লোকাল ট্রেন চলাকালে সময় বেশি লাগছে। তাছাড়া, সিঙ্গেল লাইন হওয়ায় নতুন নতুন ট্রেন পরিষেবা চালু করতেও সমস্যা তৈরী হচ্ছে। পরিবহনমন্ত্রী জানান, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও অবিলম্বে লামডিং থেকে সাব্রুম পর্যন্ত বর্তমান সিঙ্গেল রেল ট্র্যাক-এর বদলে ডাবল ট্র্যাক করার জন্য গত ২৩ সে মে রেলমন্ত্রীকে চিঠি দিয়েছিলেন। পরিবহন মন্ত্রী চিঠিতে উল্লেখ করেন, সম্প্রতি উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে থেকে জানানো হয়েছে, আসামের চন্দ্রনাথপুর থেকে আগরতলা পর্যন্ত রেলপথ ডাবল করার ব্যাপারে চূড়ান্ত সমীক্ষার কাজ অর্থাৎ ফাইনাল লোকেশন সার্ভের কাজ চলছে। পরিবহনমন্ত্রী, এই সার্ভের কাজ যত দ্রুত সম্ভব, আসামের চন্দ্রনাথপুর থেকে সাব্রুম পর্যন্ত সম্প্রসারিত ও শেষ করার অনুরোধ করেন। তাছাড়া আসামের চন্দ্রনাথপুর থেকে আগরতলা পর্যন্ত রেলপথ অবিলম্বে ডাবল লাইনে রুপান্তরের কাজ শেষ করার জন্যও অনুরোধ করেন তিনি।

***************************

**Dhalai :**

ধলাই জেলার গণ্ডাতুইসা মহকুমার পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। গন্ডাতুইসার মহকুমা শাসক চন্দ্রজয় রিয়াং জানান এখন মহকুমা জুড়ে শান্তিপূর্ণ পরিস্থিতি রয়েছে। দোকানপাট থেকে শুরু

করে যান চলাচল সবকিছুই স্বাভাবিক রয়েছে। তবে একটা মহল থেকে বেশ কিছু বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা চলছে। সেই জায়গায় প্রশাসনিকভাবে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। যে জায়গায় বিভ্রান্ত কিংবা আতঙ্ক রয়েছে সেই জায়গায় মহকুমা প্রশাসনের তরফ থেকে আধিকারিকরা গিয়ে তাদেরকে বুঝাচ্ছেন। তিনি বলেন মহকুমা এলাকায় জোরদার নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। আগামী কয়েক দিনের মধ্যে পরিস্থিতি একেবারেই স্বাভাবিক ছন্দে ফিরে আসবে বলে তিনি আশা ব্যক্ত করেন। এক্ষেত্রে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

উল্লেখ্য, এক জনজাতি যুবকের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে চলতি মাসের ১২ তারিখে বেশ কিছু অনভিপ্রেত ঘটনা ঘটে গোটা গণ্ডাছড়া মহকুমা জুড়ে। এরপর প্রশাসনিক তৎপরতায় এক দু দিনের মধ্য থেকেই পরিস্থিতিকে স্বাভাবিক করার জন্য ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়।

******************************

**Japanese Delegation :**

জাপান থেকে এক প্রতিনিধিদল আজ ঊনকোটি জেলার কুমারঘাট ও কৈলাশহর সফর করেন। এরা জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা বা J.I.C.A'র কনসালটেন্ট। প্রতিনিধিদলের সদস্যরা হলেন, ডক্টর কাতো টিমোহিরো এবং আরাকি মিথোইয়ো। আজ সকালে কুমারঘাট P.W.D ডাকবাংলোতে ঊনকোটি জেলা প্রশাসন থেকে তাদের স্বাগত জানানো হয়। টিমটি আজ প্রথমে কুমারঘাট ও পরে কৈলাশহর সফর করেন। প্রাকৃতিক বিপর্যয়ে নানাস্থানে ক্ষতি, মনু ও দেও নদীর প্রবল ভাঙ্গন, উদ্‌ভুত পরিস্থিতি

সরেজমিনে পর্যবেক্ষণ করেন তারা। বন্যা নিরোধক বাঁধের বর্তমান অবস্থাও ঘুরে দেখেন। প্রতিনিধিরা।

পরে কৈলাশহর সার্কিট হাউসের কনফারেন্স হলে জেলার পদস্থ আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে অংশ নেন। বৈঠকে ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, রাজস্ব দপ্তরের বিপর্যয় মোকাবিলা বিভাগের রাজ্য প্রকল্প আধিকারিক ডক্টর শরৎ কুমার দাস সহ বিভিন্ন দপ্তরের জেলা পর্যায়ের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

****************************

**Awareness camp :**

বাল্যবিবাহ রোধে খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে আজ দুপুরে খোয়াই নতুন টাউন হলে অনুষ্ঠিত হলো খোয়াই মহকুমা ভিত্তিক সচেতনতামূলক অনুষ্ঠান "চেষ্টা"। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন, খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈন, জেলা পুলিশ সুপার রমেশ কুমার যাদব সহ অন্যান্য আধিকারিকরা। অনুষ্ঠানে স্কুল কলেজের ছাত্র-ছাত্রী, অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী সহ শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জেলা শাসক বলেন একমাত্র জনসচেতনতাই পারে বাল্যবিবাহ রোধ করতে। তাই গোটা রাজ্যের পাশাপাশি খোয়াই মহকুমার প্রত্যেকটি মানুষের বাল্যবিবাহ রোধ করার বিষয়ে আরো সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে। তিনি বলেন এ বিষয়ে খোয়াই জেলা প্রশাসন জোর কদমে কাজ করছে।

***************************

**Budget :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন যে কেন্দ্রীয় বাজেট/ বৃদ্ধি, কর্মসংস্থান, কল্যাণ, মূলধন বিনিয়োগ এবং আর্থিক একীকরণের মতো অগ্রাধিকারগুলির মধ্যে একটি সূক্ষ্ম ভারসাম্য বজায় রাখে। তিনি আজ রাজ্যসভায় কেন্দ্রীয় বাজেট ২০২৪-২৫ নিয়ে বিতর্কের জবাব দিচ্ছিলেন। সরকার সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রয়াসের মূলমন্ত্রে বিশ্বাস করে বলে অর্থমন্ত্রী জোর দিয়ে বলেন যে বাজেটে সমবায় ফেডারেলিজমের জন্য প্রভূত সমর্থনের প্রস্তাব করা হয়েছে। কৃষি ক্ষেত্রে বরাদ্দ কমানোর বিরোধীদের অভিযোগ নাকচ করে দেন অর্থমন্ত্রী। শ্রীমতি সীতারামন বলেন যে শিক্ষা, কর্মসংস্থান এবং দক্ষতার জন্য ১দশমিক চার আট লক্ষ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

***************************

**All Party Meeting :**

আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গোমতী জেলা শাসকের দপ্তরে গোমতী জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা জেলার বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় বৈঠক করেন। বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী ও তাঁদের নির্বাচনী এজেন্ট সহ জেলা পুলিশ সুপার নামিত পাঠক ও জেলার বিভিন্ন ব্লকের এ আর ও গণ উপস্থিত ছিলেন।

******************************

**Sushanta Choudhury :**

পশ্চিম জেলা জিলা পরিষদের ৮ নম্বর আসনের বিজেপি প্রার্থী শিবায়ন দাসের সমর্থনে মোহনপুর বাজারে আজ এক জনসভার আয়োজন করা হয়। জনসভায় উপস্থিত মন্ত্রী সুশান্ত চৌধুরী রাজ্য ও দেশের উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। জনসভায় উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, মন্ডলের সাধারণ সম্পাদক পার্থ সারথি সাহা সহ অন্যরা।

**********************************

**Campaign Sonamura :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে সোনামুড়া মহকুমার সিপাহীজলা জিলা পরিষদের ৮ নম্বর আসনের বি.জে.পি প্রার্থী জহরলাল ঘোষ বাড়ি প্রচার করেন। তার সঙ্গে ছিলেন বি.জে.পি নলছড় মন্ডলের সভাপতি শিবু পাল, দলীয় নেতা তপন নন্দী প্রমুখ। নলছড় ব্লকের পূর্ব -দুর্লভনারায়ন গ্রাম পঞ্চায়েতের গর্জনটিলা, জগন্নাথবাড়ি, তৈজিলিং প্রভৃতি এলাকায় ভোট প্রচার করেন তিনি। আজ কাঠালিয়া ব্লকের কালাপানিয়া গ্রাম পঞ্চায়েতের শালক্ষেত, চন্দ্রাইবাড়ি, রাজবাড়ী প্রভৃতি এলাকায় বাড়ি বাড়ি ভোট প্রচার করেছেন সিপাহীজলা জিলা পরিষদের ইন্ডি জোটের কংগ্রেস প্রার্থী সাহেদা বেগম ও কাঠালিয়া পঞ্চায়েত সমিতির সি.পি.আই.এম প্রার্থী নুরনাহার বেগম। এই প্রচারাভিযানে অংশ নেন সোনামুড়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক শ্যামল চক্রবর্তী, কংগ্রেস নেতা ধ্রুবলালা চৌধুরী, বাবুল মৈশান প্রমুখ।

*****************************

**Campaign :**

খোয়াই জিলা পরিষদের ৪ নম্বর আসনের প্রার্থী অপর্ণা সিংহ রায় ও পঞ্চায়েত সমিতির ৫ নম্বর আসনের প্রার্থী নিশা রানী সরকারের সমর্থনে আজ উত্তর সিঙ্গিছড়া পঞ্চায়েত মাঠে নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক তথা আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। শ্রী মজুমদার তাঁর বক্তব্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে দলীয় প্রার্থীদের জয় নিয়ে আশা ব্যক্ত করেন।

*****************************

**BJP Campaign :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭ নম্বর আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী উত্তম দাসের সমর্থনে রাজধানীর বেলাবর লোকনাথ আশ্রম সংলগ্ন এলাকা থেকে বাড়ি বাড়ি গিয়ে প্রচার শুরু করেন দলের কর্মীসমর্থকরা। মানুষ বিগত দিনের কাজের নিরিখে তাদের ভোট দেবেন বলে আশা ব্যক্ত করেন প্রার্থী উত্তম দাস।

*****************************

**Congress Meeting :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ প্রদেশ কংগ্রেস ভবনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কংগ্রেস মনোনীত প্রার্থীদের নিয়ে বৈঠক করা হয়। বৈঠকে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা জানান দলীয় প্রার্থীদের নির্বাচনী প্রচার সহ দলের নেতা কর্মীদের আগামীদিনের কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

*******************************

**Training of poll workers :**

বিলোনিয়ার পুরাতন টাউন হলে ভারতচন্দ্র নগর ব্লকের ভোট কর্মীদের দ্বিতীয় দফা প্রশিক্ষণ কর্মসূচি আজ অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত নির্বাচনের সাধারণ পর্যবেক্ষক উত্তম মন্ডল, রিটার্নিং অফিসার কাবেরী নাথ প্রমুখ ভোট কর্মীদের প্রশিক্ষণ দেন।

*****************************

**SFI :**

সরকারি স্কুল বন্ধ না করা, স্কুল ও কলেজের শিক্ষক সংকট দূর করা সহ পাঁচ দফা দাবিতে আজ আগরতলা শহরে বিক্ষোভ মিছিল করে বামপন্থী ছাত্র সংগঠন এসএফআই ও টি এস ইউ। মেলার মাঠ ছাত্র যুব ভবন থেকে মিছিল শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। মিছিল শেষে বটতলায় আয়োজিত সভায় দাবিগুলির সমর্থনে বক্তব্য রাখেন এসএফআই রাজ্যসম্পাদক সন্দীপন দেব, টি এস ইউর রাজ্য সম্পাদক সুজিত ত্রিপুরা সহ অন্যান্যরা।

********************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ অরুন্ধতীনগর ইংরেজি মাধ্যম স্কুলে ইকো ক্লাবের উদ্যোগে আয়োজিত বৃক্ষরোপণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন পরিবেশের ভারসাম্য রক্ষা করতে গাছ লাগানো অত্যন্ত জরুরি। প্রত্যেককে এই কাজে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। তিনি গাছের প্রয়োজনীয়তা ও তাকে রক্ষা

করার দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করার জন্য শিক্ষক-শিক্ষিকাদের কাছে আহ্বান জানান। এই প্রসঙ্গে তিনি প্রধানমন্ত্রীর "এক পেড় মাকে নাম" উদ্যোগের উল্লেখ করেন।

অনুষ্ঠানে কর্পোরেটর অলক রায়, অভিজিৎ মল্লিক, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, স্কুলের প্রধান শিক্ষক উপস্থিত ছিলেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের পর স্কুল চত্বরে অতিথিরা বৃক্ষরোপণ করেন।

******************************

**Olympic :**

ভারতের দীপিকা কুমারী মহিলাদের একক তীরন্দাজির প্রি-কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছেন। তিনি নেদারল্যান্ডসের কুইন্টি রোফেনের বিরুদ্ধে জিতে এই যোগ্যতা অর্জন করেন।

মহিলাদের বক্সিং ৭৫ কেজি বিভাগে ভারতের লাভলিনা বরগোঁহাই নরওয়ের সুনিভা হফস্ট্যাডের বিরুদ্ধে জয়লাভ করে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছেন।

ব্যাডমিন্টনে মহিলাদের একক গ্রুপ এম ম্যাচে এস্তোনিয়ার ক্রিস্টিন কুউবার বিরুদ্ধে ভারতের পিভি সিন্ধু আজ জয়লাভ করেন।

ব্যাডমিন্টনে পুরুষদের একক গ্রুপ এল ম্যাচে ইন্দোনেশিয়ার জোনাটান ক্রিস্টির বিরুদ্ধে ভারতের লক্ষ্য সেন জিতেছেন।

ভারতের সৃজা আকুলা আজ তার জন্মদিনে টেবিল টেনিসে মহিলাদের একক ম্যাচে সিঙ্গাপুরের জেং জিয়ানের বিরুদ্ধে

জিতেছেন। মহিলাদের টেবিল টেনিসে মনিকা বাত্রা জাপানের মিউ হিরানোকে হারিয়ে প্রি-কোয়াটার ফাইন্যালে গেছেন।

এই তিন খেলোয়াড়ই শেষ ১৬তে পৌঁছে গেলেন।

ভারতের স্বপ্নিল কুসালে আজ পুরুষদের ৫০ মিটার রাইফেল ইভেন্টের ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছেন।

***************************

**Junior National Football :**

আসামে অনুষ্ঠিত জাতীয় জুনিয়র ফুটবলে আজ গুজরাটের বিরুদ্ধে ৫-৩ গোলে পরাজিত হয়েছে ত্রিপুরা দল। নুরুল আমিন স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচে প্রথমার্ধে ত্রিপুরা দল ৩-২ গোলে এগিয়েছিল। দ্বিতীয়ার্ধের মাঝামাঝি সময়ে সুশোময় জমাতিয়া লাল কার্ড দেখে মাঠ ছাড়তেই ভেঙ্গে পড়ে ত্রিপুরার ফুটবলাররা। ১০ জনে বিপক্ষের আক্রমণ রুখতে হিমশিম খেয়ে যায়। ত্রিপুরার পক্ষে অমরজিৎ দেববর্মা দুটি এবং পহর জমাতিয়া ১টি গোল করেন। ৪ আগস্ট ত্রিপুরার তৃতীয় প্রতিপক্ষ উত্তরাখন্ড।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। এছাড়া গোমতী, ধলাই, খোয়াই, এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

ছিল ৩৪ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে চার দশমিক চার মিলিমিটার।

*******************************